

## ২৪ হাজার বেসরকারি স্কুলে তালা বুলছে

যায়যায়দিন রিপোর্ট

চাকরি সরকারিকরণের দাবিতে দেশের সব বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে তালা বুলিয়ে ধর্মঘট পালন করছেন শিক্ষকরা। বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চারটি সংগঠনের সমন্বয়ে গঠিত জাতীয় (রেজি.) বেসরকারি প্রাথমিক ঐক্য পরিষদ'র আহ্বানে দু'দিনের এ কর্মসূচি পালিত হচ্ছে।



রোববার সকাল থেকে দেশের প্রায় ২৪ হাজার বেসরকারি বিদ্যালয়ে তালা : পৃষ্ঠা ২ কলাম ৭

### তালা : স্কুলে

(প্রথম পৃষ্ঠার পর)

বুলিয়ে ধর্মঘট পালন করছেন লক্ষসংখ্যক শিক্ষক। শিক্ষকরা বলেন, ধর্মঘটের কারণে ছাত্রদের লেখাপড়ার ক্ষতি হচ্ছে, তা তারা বোঝেন। তবে তাদের আর কোনো পথ ছিল না। সরকার দাবি যেনে নিলে সঙ্গে সঙ্গে কর্মসূচি প্রত্যাহার করে নেবেন। একই দাবিতে ১৭ থেকে ১৯ জানুয়ারি কর্মবিপ্লবিত পালন করা হবে বলেও জানান তারা।

এছাড়া শিক্ষকদের কর্মসূচির মধ্যে রয়েছে চাকরি সরকারিকরণের দাবিতে আগামী ২০ জানুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি সব সংসদ সদস্যকে স্মারকলিপি প্রদান, ১৪ মার্চ জাতীয় সংসদের শিক্ষককে স্মারকলিপি প্রদান এবং ১০ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও।

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি বাংলাদেশ (সামসূ-মুগুন), বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি (নাসির-বাহু), বাংলাদেশ রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষক সমিতি (এনায়ত-সাল্যাম) ও বাংলাদেশ রেজিস্টার্ড প্রাথমিক শিক্ষক সমিতি (হাফিজ-মাহবুব)- এই চারটি সংগঠনের সমন্বয়ে জাতীয় (রেজি.) বেসরকারি প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদ গঠিত।

দীর্ঘদিন থেকে আন্দোলন করলেও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয়করণ করা হচ্ছে না। চাকরি সরকারিকরণের দাবিতে বেসরকারি বিদ্যালয়ের শিক্ষকরা গত ২১ থেকে ২৭ ডিসেম্বর কেন্দ্রীয় শশিন মিনারে সমাবেশ, অবস্থান ধর্মঘট, অনশনসহ বিজ্ঞ কর্মসূচি পালন করেন।

ওই সময়ই তারা ঘোষণা দিয়েছিলেন তাদের চাকরি সরকারিকরণে সরকারের পক্ষ থেকে ঘোষণা না এলে ১০ জানুয়ারি থেকে স্কুলগুলোতে তালা খোলানো হবে।